Faruque Hassan
President

BGMEA

বিজিএ/এডমিন/২০২৩/ ২৩৬

১১ অক্টোবর ২০২৩

**বিষয়ঃ বিজিএমইএ কর্তৃক 'Members' Directory-2024' প্রকাশ প্রসঙ্গে।**

**সকল সম্মানিত সদস্যদের জন্য**

প্রিয় সহকর্মীবৃন্দ,
আসসালামু আলাইকুম।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদ বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের জন্য Members' Directory-2024 প্রকাশের উদ্যোগ গ্রহন করেছে। Members' Directory'তে বিজিএমইএ'র সকল তালিকাভুক্ত সদস্যদের হালনাগাদ সাধারন তথ্যাবলী যেমনঃ- নাম, পদবী, মোবাইল নাম্বার, প্রতিষ্ঠানের নাম, যোগাযোগের ঠিকানা, ইমেইল প্রভৃতি অন্তর্ভুক্ত থাকে।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বিগত ৫ এবং ৯ অক্টোবর ২০২৩ তারিখে দুইটি সার্কুলারের মাধ্যমে বিজিএমইএ'র তালিকাভুক্ত সদস্যদের সকল হালনাগাদ তথ্য সংগ্রহ এবং Members' Directory-2024 প্রকাশের লক্ষ্যে Members' Directory Information Sheet-2023 প্রেরণ করা হয়। উক্ত Information Sheet যথাযথভাবে পূরণ করে প্রধান কার্যালয় ঢাকা এবং আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে সার্কুলার মোতাবেক আগামী ১৯ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে প্রেরনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। ঢাকাস্থ বিজিএমই'র প্রধান কার্যালয়ে গত ৮ অক্টোবর ২০২৩ তারিখে ১৫তম সাধারন সভায় বোর্ড সদস্যদের উপস্থিতে Members' Directory প্রকাশের বিষয়টিও গুরুত্বসহকারে আলোচনা করা হয়।

বর্তমানে বিজিএমইএ'তে সংরক্ষিত তথ্যাবলি অনুযায়ী দাপ্তরিক কাজ সম্পাদনের সময় সদস্যদের প্রদেয় অনেক তথ্য যেমনঃ ঠিকানা, মোবাইল নাম্বার, ই-মেইল, অনেক ক্ষেত্রে মালিকানা পরিবর্তন সংক্রান্ত বিষয় হালনাগাদ না থাকার কারনে বেশ কিছু চ্যালেঞ্জ এবং প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হচ্ছে। যার ফলশ্রুতিতে বিজিএমইএ অফিস থেকে প্রেরিত বিভিন্ন গুরুত্বপূর্ন তথ্যাদি, চিঠিপত্র, নোটিশ, বার্ষিক প্রতিবেদনসহ উপহার সামগ্রী যথাযথ প্রাপকের কাছে পৌছানো দূরূহ হয়ে পড়ছে।

Members' Directory'র জন্য হালনাগাদ তথ্যসমূহ সংগ্রহ করার লক্ষে গত ০৫ অক্টোবর ২০২৩ তারিখ থেকে বিজিএমইএ'র ক্রাইসিস ম্যানেজমেন্ট এবং ফায়ার-সেফটি শাখার মনিটরগণ বিভিন্ন কারখানায় গমন করছেন। জোন অনুযায়ী মনিটরিং অফিসারগণ কর্তৃক কারখানা পরিদর্শনের সময় তথ্য

চলমান পাতা ১/২

হালনাগাদ করার ক্ষেত্রে কারখানা/অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে এব্যাপারে যথাযথ সহযোগিতা নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

উল্লেখ্য যে, আপনার/আপনাদের পূরণকৃত বা প্রদত্ত উল্লেখিত Information Sheet এর তথ্যাবলি সংকলিত করে হালনাগাদ একটি ডাটাবেজ প্রস্তুত করা হবে এবং প্রস্তুতকৃত ডাটাবেজ থেকে Members' Directory-2024 প্রকাশ করা হবে। যার ফলশ্রুতিতে বিজিএমইএ'র তালিকাভুক্ত সদস্যদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ এবং গুরুত্বপূর্ণ সকল চিঠি-পত্রাদি, সভার নোটিশ প্রভৃতি যথাসময়ে প্রেরণ করা সহজতর হবে।

বর্তমান পরিচালনা পর্ষদের গুরুত্বপূর্ন এই উদ্যোগ সকল তালিকাভুক্ত সদস্যদের এবং দেশি-বিদেশি সকল ক্রেতা/স্টেকহোল্ডারদের তথ্য প্রাপ্তিতে এবং ব্যবসার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়বে বলে বর্তমান পরিচালনা পর্ষদ বিশ্বাস করে।

পূর্বে প্রকাশিত Members' Directory'র চেয়ে আরও তথ্যবহুল এবং সুসংগঠিত Members' Directory-2024 তৈরীর লক্ষ্যে আপনার/আপনাদের সহযোগীতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবান্তে,

**ফারুক হাসান**
সভাপতি

চলমান পাতা ২/২

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

হাউজ নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর নং-১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজিএ/মেম্বারশীপ/২০২৩/২৬৮ তারিখঃ ৫ অক্টোবর ২০২৩

## সকল সম্মানিত সদস্যদের জন্য

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, বিজিএমইএ কর্তৃপক্ষ **"বিজিএমইএ মেম্বারর্স ডাইরেক্টরী ২০২৪"** প্রকাশের উদ্যোগ গ্রহন করেছে। উক্ত কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষে বিজিএমইএ'তে রক্ষিত নথি এবং সফট্ওয়্যার হালনাগাদ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে Members' Directory Information Sheet-2023 অনুযায়ী তথ্য-উপাত্তসমূহ আগামী ১৯ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে বিজিএমইএ'র প্রধান কার্যালয় ঢাকা এবং আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। বর্ণিত তথ্যাদি ই-মেইলও (membership@bgmea.com.bd) পাঠানো যেতে পারে। বিজিএমইএ'তে রক্ষিত নথি এবং সফট্ওয়্যার হালনাগাদকরণে আপনাদের সকলের সার্বিক সহযোগীতা কামনা করছি।

সংযুক্তি:

১। Information Sheet-2023

০৫/১০/২০২৩

মোঃ ফয়জুর রহমান<br>
মহা-সচিব

BGMEA

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

হাউজ নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর নং-১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজিএ/মেম্বারশীপ/২০২৩/২৩২

তারিখঃ ৯ অক্টোবর ২০২৩

## সকল সম্মানিত সহযোগী সদস্যদের জন্য

বিজিএমইএ'র সকল সম্মানিত সহযোগী সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, বিজিএমইএ কর্তৃপক্ষ **"বিজিএমইএ মেম্বারর্স ডাইরেক্টরী ২০২৪"** প্রকাশের উদ্যোগ গ্রহন করেছে। উক্ত কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষে বিজিএমইএ'তে রক্ষিত নথি এবং সফট্ওয়্যার হালনাগাদ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে Members' Directory Information Sheet-2023 অনুযায়ী তথ্য-উপাত্তসমূহ আগামী ১৯ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে বিজিএমইএ'র প্রধান কার্যালয় ঢাকা এবং আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। বর্ণিত তথ্যাদি ই-মেইলও (membership@bgmea.com.bd) পাঠানো যেতে পারে। বিজিএমইএ'তে রক্ষিত নথি এবং সফট্ওয়্যার হালনাগাদকরণে আপনাদের সকলের সার্বিক সহযোগীতা কামনা করছি।

সংযুক্তি:

১। Information Sheet-2023

০৯/১০/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব

# Information Sheet for BGMEA Members' Directory 2024

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1 | Name of Buying House/Liaison Office | | | | |
| | BGMEA Reg. No. | | Registration of DoT | | |
| 2 | | Chairman/Proprietor | Managing Director | Director-1 | Director-2 |
| | Name of Chairman/M.D./Director/ Proprietor/ Partner/Country Representative | | | | |
| | Mobile No. | | | | |
| | Email ID | | | | |
| 3 | Mailing/Contact/Office Address | | | | |
| | Trade License Address | | | | |
| | Phone No. | | | | |
| | T&T/IPO No. | | | | |
| | Fax No. | | | | |
| | Email ID | | | | |
| | Website: | | | | |
| 4 | Status of Buying House/Liaison Office | **Local** | **Joint Venture** | **Foreign/Liaison Office** | |
| | | | | | |
| | If Foreign/Joint Venture Company (Please mention the country name & address) | | | | |
| 5 | Type of Products (Maximum four items) | | | | |
| 6 | Year of Established | | **Last Renewal Year** | | |

**Signature with Seal by Chairman/Managing Director/ Director/Proprietor/Partner/Country Representative**